47

দৈনিক ইত্তেফাক

তারিখ ... JAN. 1 8 1999 ...
পৃষ্ঠা ৫ কলাম ৭ ......

# বাংলাদেশ গ্রন্থাগার সমিতির জাতীয় সেমিনার

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ গ্রন্থাগার সমিতি, বাংলাদেশ গ্রন্থাগার সমিতি রাজশাহী বিভাগ এবং রাজশাহী বিশ্ববিদ্যালয়ের গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান বিভাগ-এর যৌথ উদ্যোগে "বাংলাদেশের গ্রামীন উন্নয়নে গ্রন্থাগার ও তথ্যের ভূমিকা" শীর্ষক জাতীয় সেমিনার আগামী ২৯ জানুয়ারী ১৯৯৯ সকাল ১০ টায় রাজশাহীস্থ জেলা পরিষদ মিলনায়তনে অনুষ্ঠিত হবে। গণ-প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ডাক, তার ও টেলিযোগাযোগ এবং গণপূর্ত ও গৃহায়ন মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব মোহাম্মদ নাসিম অনুষ্ঠানের প্রধান অতিথি এবং যুব, ক্রীড়া ও সংস্কৃতি বিষয়ক মন্ত্রনালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব ওবায়দুল কাদের, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী অধ্যাপিকা জিনাতুন নেসা তালুকদার, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক আবদুল খালেক বিশেষ অতিথির আসন অলংকৃত করবেন বলে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। উক্ত সেমিনারে অংশগ্রহণে আগ্রহী বাংলাদেশ গ্রন্থাগার সমিতির সম্মানিত সদস্যবৃন্দকে আগামী ২৫-১-৯৯ তারিখের মধ্যে নিম্ন ঠিকানায় লিখিতভাবে তাদের সম্মতি জানানোর জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, সেমিনারে অংশগ্রহণকারী সদস্য দেরকে ঢাকাস্থ কেন্দ্রীয় কার্যালয় থেকে রাজশাহীতে বাসযোগে আনা নেয়ার ব্যবস্থ করা হবে।

## যোগাযোগের ঠিকানা

**ঢাকা**
**খন্দকার ফজলুর রহমান**
চেয়ারম্যান
জাতীয় সেমিনার সাংগঠনিক কমিটি
প্রযত্নে ঃ ইনস্টিটিউট অব লাইব্রেরী
এ্যান্ড ইনফরমেশন সায়েন্স
বাংলাদেশ কেন্দ্রীয় গণ-গ্রন্থাগার ভবন
শাহবাগ, রমনা, ঢাকা-১০০০
ফোন ঃ ৮৬৯৪০৮, ৫০৪২৬৯

**রাজশাহী**
**মিসেস আখতার জাহান**
সদস্য-সচিব
জাতীয় সেমিনার সাংগঠনিক কমিটি রাজশাহী
প্রযত্নে ঃ গ্রন্থাগার সমিতি
চাঁদনী চক মার্কেট
সাহেব বাজার, রাজশাহী
ফোন ঃ ০৭২১-৭৭৫২৪২
০৭২১-৭৬১৩৩৩